

প্রাথমিক শিক্ষার্থীরা নতুন বই পাবে পহেলা জানুয়ারি

ছাপা হয়েছে ১০ কোটি ৭৮ লাখ



বই ছাপতে খরচ হয়েছে ৩২৬ কোটি
টাকা। অতিরিক্ত ৫ লাখ বই ওদামে
মজুদ রাখা হয়েছে

■ ইত্তেফাক রিপোর্ট

২০১৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য ১০ কোটি ৭৮ লাখ বই ছাপা হয়েছে। ২ কোটি ৩১ লাখ শিক্ষার্থীদের হাতে ১ জানুয়ারি এসব বই তুলে দেয়া হবে। এ সফে দেশের সব উপজেলায় বই পৌঁছানো হয়েছে। গতকাল মঙ্গলবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সন্মেলন কক্ষে সাংবাদিক সন্মেলনে এ তথ্য জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. আফসারুল আযিন। আফসারুল আযিন বলেন, পত্রীকামূলক সংস্করণ হিসেবে ২০১৩ সালের বই ছাপা হয়েছে। শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ সর্বস্তরের সবার মতামতের ভিত্তিতে সংশোধন ও পরিমার্জন করা হবে। বই ছাপার জন্য খরচ হয়েছে ৩২৬ কোটি টাকা। ডাট ও এনসিটিবির চার্জসহ মোট খরচ হয়েছে ৩৪০ কোটি টাকা। মন্ত্রী জানান, প্রথম শ্রেণীর জন্য ১ কোটি ৬২ লাখ, দ্বিতীয় শ্রেণীর জন্য ১ কোটি ৫২ লাখ, তৃতীয় শ্রেণীর জন্য ২ কোটি ৮৬ লাখ, চতুর্থ শ্রেণীর জন্য ২ কোটি ৬৩ লাখ ও পঞ্চম শ্রেণীর জন্য ২ কোটি ১৪ লাখ বই ছাপা হয়েছে। এবার ৬৪ জেলায় ৫ শতাংশ পৃষ্ঠা ২৩ কলাম ১

প্রাথমিক শিক্ষার্থীরা

প্রথম পৃষ্ঠার পর
হিসেবে ৫০ লাখ বই ব্যাকার ওদামে
মজুদ রয়েছে। ব্রিটিশ আউট অব ক্লস
চিপডেন (রক্ত) প্রকল্পের প্রভাবিত শিক্ষা
কেন্দ্রে র চাহিদা অনুযায়ী বই রয়েছে ৫
লাখ ২৫ হাজারটি। তিনি জানান,
বিদেশি মিশনের জন্য বাংলা ভার্সনে ২০
হাজার এবং ইংরেজি ভার্সনে ২০ হাজার
বই রাখা হয়েছে। এছাড়া চাহিদা
অনুযায়ী দেশের ৫০টি জেলায় ইংরেজি
৩ লাখ ৭৮ হাজার বই রাখা হয়েছে।
সাংবাদিক সন্মেলনে প্রতিমন্ত্রী মো.
মোতাহার হোসেন, মন্ত্রণালয়ের
ভারপ্রাপ্ত সচিব এম এম নিয়াজউদ্দীন,
এনসিটিবির চেয়ারম্যান মোতফা
কামাল উদ্দিন এবং মন্ত্রণালয়ের
অতিরিক্ত সচিব আবুল কালাম আজাদ
উপস্থিত ছিলেন। সচিব বলেন, ছাপানো
বইতে যদি তুল থাকলে এখন জানানো
হলে তা ফেরত নেয়া হবে। এসব
বইয়ের তুল সংশোধন করে পুনরায়
ছাপিয়ে সরবরাহ করা হবে।